



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর
www.phulbarigovtcollege.edu.bd



ফোন: ০৫৩২৭৫৬২১৭

e-mail: phulbarigovt.college@yahoo.com

মোবাইল: ০১৩০৯১২০৪৫১

স্মারক নং: ফুসক/ /২০২২

তারিখ: ২২/০৬/২০২২ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ শ্রেণিতে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষে ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুরে অনার্স ১ম বর্ষ শ্রেণিতে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৬/২০২২ হতে ২৮/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত ফি পরিশোধ করে সংশ্লিষ্ট বিভাগে প্রয়োজনীয় কাগজপত্র জমা দান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বিষয়ভিত্তিক ফি বিবরণী

ক্র. নং	বিষয়	নির্ধারিত ফি
১	বাংলা/ইংরেজি/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান	৪,৪৭০.০০
২	রসায়ন	৫,২৫০.০০
৩	গণিত	৫,২৬০.০০

ভর্তির টাকা জমার নিয়মাবলী:

কলেজের ওয়েবসাইট www.phulbarigovtcollege.edu.bd এ প্রবেশ করে Admission মেনু থেকে Online Admission Option নির্বাচন করে বিষয়, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর এবং ক্যাপচা কোড দিয়ে Verify অপশনে ক্লিক করতে হবে। পরবর্তীতে চাহিত সকল তথ্য সঠিকভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনে যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেস্টিস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেস্টিস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে OTP যাবে যা দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে।

ভর্তি নিশ্চায়নের লক্ষ্যে শিক্ষার্থী কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দান:

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি ফরম (কলেজ কপি) ২ টি।

২। অনলাইনে টাকা জমার রশিদের কলেজ কপি (২ টি)।

৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল সনদপত্র (মূল সনদপত্র না থাকলে মূল প্রশংসাপত্র)।

[পরবর্তীতে বিভিন্ন প্রয়োজনে ব্যবহারের লক্ষ্যে প্রত্যেকটি মূল কাগজ ১০ কপি করে ফটোকপি করে বাসায় সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো]

৪। ২ কপি পাসপোর্ট সাইজ ছবি।

উপর্যুক্ত সকল কাগজপত্র A₄ সাইজের খামে ভরে উপরে শিক্ষার্থীর নাম, ভর্তি রোল, সেশন, শ্রেণি রোল, মোবাইল নম্বর, ই-মেইল ও জমাকৃত মূল কাগজপত্রের তালিকা লিখে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, কোনোক্রমেই ২৮/০৬/২০২২ খ্রি. তারিখের পরে উল্লিখিত কাগজপত্রসমূহ বিভাগে জমা নেয়া হবে না।